

আন্তর্জাতিক

মক্কার দিকে হুতিদের ড্রোন, ভূপাতিতের দাবি সৌদির

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: বুধবার, ১৬ সেপ্টেম্বর ২০২৬, ০৬:২৯ PM



মক্কার দিকে ছুটে আসা একটি ড্রোন সৌদি আরবের আকাশসীমায় প্রবেশের আগেই ভূপাতিত করার দাবি করেছে দেশটির নেতৃত্বাধীন জোট। জোটের দাবি, ইয়েমেনের হুতি গোষ্ঠী ড্রোনটি ছুড়েছিল।

জোটের মুখপাত্র তুর্কি আল-মালিকি জানান, মঙ্গলবার স্থানীয় সময় সন্ধ্যা ৬টা ৫০ মিনিটের দিকে সৌদি আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ড্রোনটি শনাক্ত করে। পরে মক্কার দক্ষিণে সেটি ধ্বংস করা হয়। ড্রোনটির ধ্বংসাবশেষ সেখানে গিয়ে পড়ে।

সৌদি নেতৃত্বাধীন জোটের দাবি, মক্কাতে লক্ষ্য করে হুতিদের এটি দ্বিতীয় হামলার চেষ্টা। এর আগে ২০১৭ সালের জুলাইয়ে মক্কার দিকে একটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছোড়ার অভিযোগ উঠেছিল হুতিদের বিরুদ্ধে।

ড্রোন ভূপাতিতের ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে মুসলিম দেশগুলোর জোট অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন (ওআইসি)। সংস্থাটি হামলার চেষ্টাকে সন্ত্রাসবাদ হিসেবে উল্লেখ করেছে। একই সঙ্গে সৌদি আরবের প্রতি সংহতি জানিয়েছে তারা।

এর আগে হুতিদের ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলায় খামিস মুশাইত, আবহা ও তায়েফে ১৩ জন বেসামরিক নাগরিক আহত হওয়ার কথা

জানিয়েছিল সৌদি নেতৃত্বাধীন জোট। এসব হামলায় কয়েকটি বাড়ি ও যানবাহন ক্ষতিগ্রস্ত হয়।

২০১৪ সালে হুতিরা ইয়েমেনের রাজধানী সানা ও কয়েকটি এলাকা দখল করে। এরপর দেশটিতে সংঘাত শুরু হয়। ২০১৫ সালে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ইয়েমেন সরকারকে সমর্থন দিতে সৌদি নেতৃত্বাধীন আরব জোট সামরিক হস্তক্ষেপ করে।

এ বিভাগের আরও খবর



হুতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা
হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে হুতিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্র জ্বপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের হুতিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্র প্রতিহত ও ধ্বংসের দাবি
করেছে সৌদি নেতৃত্ব...



অমণে গিয়ে মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে প্রাণ গেল ৮ শিক্ষার্থীর
ভারতের মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে আট শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাজ্যটির রায়গড় জেলার দিভেগার সমুদ্রসৈকতে এ ঘটনা ঘটে। পরে তাদের মরসে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/mkkaar-dike-hutider-dron-bhupatiter-dabi-soudir>